

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.probashi.gov.bd

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ১৮ জুলাই ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী।

০১। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি ৩০ এপ্রিল ২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত পর্যালোচনা সভার আলোচনা ও নির্দেশনার প্রেক্ষিতে ইনোভেশন কার্যক্রমকে জোরদার করার ওপর গুরুত্ব আরোপ করেন। উক্ত সভার নির্দেশনার প্রেক্ষিতে অর্থ বছর ভিত্তিক ২০১৭-১৮ সময়ের জন্য বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য তিনি অত্র মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে অনুরোধ করেন। এছাড়া ই-ফাইলিং কার্যক্রম সক্রিয়ভাবে শুরু করার বিষয়েও তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর তিনি বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ অনুসারে আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য ইনোভেশন কমিটির সদস্য-সচিবকে অনুরোধ করেন। সংস্থা/দপ্তরসমূহ হতে প্রাপ্ত প্রতিবেদন অনুসারে সদস্য-সচিব এ বছরের কর্মপরিকল্পনার আলোকে সার্বিক বিষয় উপস্থাপন করেন।

০৩। সভার আলোচনায় সকলের অংশগ্রহণে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশ গ্রহণ করা হয়।


ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
৩.১	অভিবাসন প্রবণ জেলাসমূহে স্মার্ট কার্ড/বহির্গমন ছাড়পত্র প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ।	চট্টগ্রামের ন্যায় পর্যায়ক্রমে কুমিল্লা, সিলেট, গোপালগঞ্জ, পাবনা, রংপুর ও যশোর জেলায়ও এ কার্যক্রম শুরু করার লক্ষ্যে প্রক্রিয়া চলমান রয়েছে বলে বিএমইটি প্রতিনিধি সভাকে অবহিত করেন। এ লক্ষ্যে বুয়েটের কারিগরি সহায়তা চাওয়া হয়েছে। ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের বিষয়ে বিএমইটি ও ওয়েলফেয়ার বোর্ডের মধ্যে যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে। আগস্ট/২০১৬ মাস নাগাদ প্রয়োজনীয় ক্রয় কার্য সম্পাদন করে উক্ত ৬ জেলায় স্মার্ট কার্ড/বহির্গমন ছাড়পত্র প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ করা হবে বলে সভাকে অবহিত করা হয়।	১। গুরুত্বপূর্ণ এ সেবাটি আরও বিকেন্দ্রীকরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করার জন্য বিএমইটি এবং ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ডকে পুনরায় অনুরোধ করা হয়। ২। মাঠ পর্যায়ে বিকেন্দ্রীকরণের পর কার্যক্রমটির সুষ্ঠু বাস্তবায়নে এবং মনিটরিং নিশ্চিতকরণের লক্ষ্যে একটি গাইডলাইন প্রণয়নের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.২	বিদেশ গমনেচ্ছু কর্মীদের সেবা সহজীকরণ কার্যক্রমের ধারাবাহিকতায় আরো ১৫ টি ডিইএমও-তে ফিঙ্গারপ্রিন্ট কার্যক্রম চালুকরণের মাধ্যমে ২৫ টি ডিইএমও-তে এ কার্যক্রম সম্প্রসারণ।	২৫ টি জেলার বিদেশগামী কর্মীদের জন্য এ কার্যক্রম সম্প্রসারণ করার ফলে তাদেরকে আর ঢাকায় আসতে হচ্ছে না। এছাড়া, ফিঙ্গার প্রিন্ট কার্যক্রম চালু হওয়ায় জেলা অফিসসমূহ অধিকতর সক্রিয় হয়েছে এবং মাঠ পর্যায়ে তা প্রশংসিত হচ্ছে বলে সভায় আলোচনা হয়। কার্যক্রমটি সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে মনিটরিং জোরদার করার বিষয়েও সভায় অভিমত ব্যক্ত করা হয়। পরবর্তী পর্যায়ে	১। জেলা পর্যায়ে প্রদত্ত এ সেবার সর্বোচ্চ মান নিশ্চিত করার লক্ষ্যে মনিটরিং জোরদার করার বিষয়ে বিএমইটি-কে অনুরোধ করা হয়। ২। যে সকল জেলা হতে অধিক কর্মী গমন করে পর্যায়ক্রমে সে সকল জেলায় এ কার্যক্রম সম্প্রসারণের কার্যক্রম অব্যাহত রাখার জন্য বিএমইটি-কে পুনরায় অনুরোধ করা হয়।

		চুয়াডাঙ্গা, মৌলভীবাজার, চাঁদপুর ও সিরাজগঞ্জ জেলায় কার্যক্রমটি সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে বলে বিএমইটি প্রতিনিধি সভাকে অবহিত করেন।	
৩.৩	বিদেশে কর্মরত বাংলাদেশী কর্মীদের পোষ্যদের এনওসি প্রদান কার্যক্রম পর্যায়ক্রমে অভিযান প্রবণ জেলাসমূহে বিকেন্দ্রীকরণ।	বিদেশে কর্মরত বাংলাদেশী কর্মীদের পোষ্য বা নিকট আত্মীয়ের সে দেশে যাওয়ার ক্ষেত্রে এনওসি সেবা প্রদানের কার্যক্রমটি পর্যায়ক্রমে বিভাগীয় ও জেলা পর্যায়ে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে চট্টগ্রাম ও সিলেটে এ সেবাটি প্রদান করা হচ্ছে। যে সকল জেলায় স্মার্ট কার্ড প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ করা হচ্ছে সে সকল জেলায় এনওসি প্রদানের কার্যক্রমটিও বিকেন্দ্রীকরণ করা যায় বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	যে সকল জেলায় স্মার্ট কার্ড প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ করা হচ্ছে সে সকল জেলায় পর্যায়ক্রমে এনওসি প্রদানের কার্যক্রমটিও সম্প্রসারণের জন্যে বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.৪	যশোর টিটিসি কর্তৃক উদ্ভাবিত ডিজিটাল ম্যানেজমেন্ট সিস্টেম এর মাধ্যমে অন্যান্য টিটিসিতে ভর্তি কার্যক্রম বাস্তবায়ন।	যশোর টিটিসি-তে উদ্ভাবিত প্রশিক্ষণে ছাত্র ভর্তি ব্যবস্থাপনার এ সিস্টেমটি পর্যায়ক্রমে দেশের অন্যান্য টিটিসি-তে replicate করে অনুরূপ কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় পুণরায় অভিমত ব্যক্ত করা হয়। খুলনা, ময়মনসিংহ ও পাবনা জেলার টিটিসি-তে ভর্তি কার্যক্রমের এ পদ্ধতি replicate করা হবে বলে বিএমইটি প্রতিনিধি সভাকে অবহিত করেন।	যশোরে অনুসৃত ডিজিটাল ম্যানেজমেন্ট পদ্ধতি replicate করে প্রথম পর্যায়ে উক্ত ৩ (তিন)টি টিটিসি-তে প্রশিক্ষণের ছাত্র ভর্তি কার্যক্রমে অনুরূপ পদ্ধতি পরিচালনার উদ্যোগ গ্রহণের জন্যে বিএমইটি-কে পুণরায় অনুরোধ করা হয়।
৩.৫	ব্যুরোর ওয়েবসাইটে অধিকসংখ্যক প্রবাসী বাংলাদেশী কর্মী অধ্যুষিত দেশসমূহের Country Specific Guideline প্রকাশ।	বিদেশ গমনেচ্ছু কর্মী এবং এ কার্যক্রমে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের সুবিধার্থে বর্তমানে যে সকল দেশে অধিকসংখ্যক বাংলাদেশী কর্মী গমন করে সে সকল দেশের Country Specific Guideline ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় পুণরায় গুরুত্বারোপ করা হয়। বর্তমানে ওমান, কাতার, বাহরাইনসহ ৫টি দেশের তথ্য বিএমইটি'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এ সকল তথ্য আরো সুস্পষ্ট ও বিস্তারিত করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	১। Content develop করে ওয়েবসাইটে প্রদত্ত গাইডলাইন/তথ্য সমূহ আরো সুস্পষ্ট ও বিস্তারিত আকারে প্রকাশ করার জন্যে বিএমইটি-কে অনুরোধ করা হয়। ২। পর্যায়ক্রমে অধিকসংখ্যক বাংলাদেশী কর্মী গমন করে এমন সকল দেশের Country Specific Guideline ওয়েবসাইটে প্রকাশ করার কার্যক্রমটি অব্যাহত রাখার জন্যে বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.৬	বিএমইটি'র সদর দপ্তর এবং এর অধীনস্থ দপ্তরসমূহের প্রদেয় সেবাসমূহ সোশ্যাল মিডিয়ায় প্রচার।	একটি ফেইসবুক স্যোসাল মিডিয়া চালু করা হয়েছে বলে বিএমইটি'র উপস্থিত কর্মকর্তা সভাকে অবহিত করেন। সকল পর্যায়ে দপ্তর/প্রতিষ্ঠানসমূহকে স্যোসাল মিডিয়ার ব্যবহার করার জন্যে সভাপতি আহবান জানান। বিএমইটি'র ন্যায় এ মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য সংস্থাকেও এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্যে সভায় তাগিদ দেয়া হয়। বিএমইটি'র ওয়েবসাইটে একটি FAQ সংযোজনের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	১। বিএমইটি'র অধীনস্থ দপ্তরসমূহে এবং অত্র মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নিস ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংক-কে স্যোসাল মিডিয়া ব্যবহার কার্যক্রম গ্রহণের কার্যকর ব্যবস্থা করার বিষয়ে অনুরোধ করা হয়। ২। বিএমইটি'র ওয়েবসাইটে একটি FAQ সংযোজন করার জন্যে বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.৭	অভিযোগ ব্যবস্থাপনার পর্যায়ক্রমিক ধাপসমূহ	অভিযোগ ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে STEP প্রকল্পের সহায়তায় একটি	১। অভিযোগ ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে একটি সুসমন্বিত ব্যবস্থা গড়ে তোলার

	এসএমএসের মাধ্যমে অবহিতকরণ।	সুসম্মিত ব্যবস্থা গড়ে তোলার জন্য বিএমইটি কাজ করছে বলে সভাকে অবহিত করা হয়। এ কার্যক্রমে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুসৃত পদ্ধতি অনুসরণ করার বিষয়ে সভাপতি আবাবারো পরামর্শ প্রদান করেন।	লক্ষ্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়। ২। অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতিকে আরো আধুনিক ও mechanized করার মাধ্যমে অভিযোগকারীকে আপডেট স্ট্যাটাস প্রদান এবং সেবা প্রদান কার্যক্রমকে আরো দ্রুত ও সহজীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হয়।
৩.৮	বিএমইটির নিজস্ব আর্কাইভ সংরক্ষণ	এ কার্যক্রমটি বর্তমানে পর্যালোচনা পর্যায়ে রয়েছে। এ প্রসঙ্গে অন্যান্য প্রতিষ্ঠানের অনুরূপ কার্যক্রম হতে অভিজ্ঞতা গ্রহণের বিষয়ে সভায় পুনরায় অভিমত ব্যক্ত করা হয়। এ লক্ষ্যে ইনোভেশন টিমের সদস্যবৃন্দ কর্তৃক সম্মিলিতভাবে এক বা একাধিক আর্কাইভ সরেজমিন পরিদর্শনের বিষয়েও অভিমত ব্যক্ত করা হয়।	১। এ ধরনের কার্যক্রম সম্পন্ন করেছে এমন প্রতিষ্ঠানের অভিজ্ঞতা গ্রহণ এবং যথাযথ পর্যালোচনাপূর্বক এ কার্যক্রমটি শুরু করার অনুরোধ করা হয়। ২। ইনোভেশন টিমের সদস্যবৃন্দ কর্তৃক ন্যাশনাল আর্কাইভ সরেজমিন পরিদর্শনের নিমিত্ত যোগাযোগ করার বিষয়ে ইনোভেশন টিমের সদস্য-সচিবকে অনুরোধ করা হয়।
৩.৯	বৈদেশিক কর্মসংস্থান নিয়ে বিদেশ গমনকারী নারী কর্মীদের সংখ্যা আরো বৃদ্ধির লক্ষ্যে প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের পাশাপাশি বিদেশ গমনেচ্ছু নারী কর্মীদের ই-লার্নিং পদ্ধতিতে গৃহকর্মী পেশায় প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অন্যান্য জেলায় সম্প্রসারণ।	ইতোমধ্যে ২৬ টি জেলার টিটিসি-তে এ কার্যক্রমটি সম্প্রসারণ করা হয়েছে। Kyosk মেশিন স্থাপন করে তার মাধ্যমেও এ বিষয়গুলো সর্বসাধারণের ডাউনলোডের সুবিধার্থে সরবরাহ করা যেতে পাও মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। পরবর্তীতে ময়মনসিংহ, যশোর, নরসিংদি, কুমিল্লা ও পাবনা জেলায় এ কার্যক্রমটি সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে বলে বিএমইটি প্রতিনিধি সভাকে জানান।	১। ই-লার্নিং পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম আরো কার্যকরভাবে পরিচালনার ব্যবস্থা করার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়। ২। হাউজকিপিং প্রশিক্ষণের সময় এ বিষয়টি বিস্তারিত আলোচনা করার কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হয়। ২। DEMO অফিস এবং টিটিসিসমূহে Kyosk মেশিন স্থাপন করে তার মাধ্যমেও এ বিষয়গুলো সর্বসাধারণের ডাউনলোডের সুবিধার্থে সরবরাহ এবং এটি আরো কার্যকরভাবে ব্যবহারের ব্যবস্থা করার অনুরোধ করা হয়।
৩.১০	ই-লার্নিং ডেভলপমেন্ট শীর্ষক পাইলট প্রকল্পের আওতায় আরো ৫ টি ট্রেড যথাক্রমেঃ আটোমোবাইল, আরএসি, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল ও গার্মেন্টস ই-লার্নিং প্লাটফর্মের আওতায় বাস্তবায়ন।	ই-লার্নিং প্লাটফর্মের আওতায় আটোমোবাইল, আরএসি, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল ও গার্মেন্টস -এ ৫টি ট্রেড এর কন্টেন্ট প্রস্তুতের কাজ চলছে বলে সভাকে অবহিত করা হয়।	হাউজকিপিং ছাড়াও অন্যান্য ট্রেডের ওপর ই-লার্নিং প্লাটফর্ম প্রস্তুত কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের বিষয়ে বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.১১	জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহের যাচাই-বাছাইপূর্বক বাস্তবায়নের অনুমোদন গ্রহণ এবং সারাদেশে তা বাস্তবায়ন	বিএমইটি'র সেবাসমূহ আরো জনবান্ধব করার লক্ষ্যে প্রাপ্ত সকল উদ্ভাবনী ধারণার তালিকা প্রস্তুত করে এ বিষয়ে আরো প্রচারণার ব্যবস্থা করা প্রয়োজন। ধারণাসমূহ যাচাই বাছাইপূর্বক তা বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং ক্ষেত্র বিশেষে তা অন্যান্য প্রতিষ্ঠানে replicate করার বিষয়েও সভায় অভিমত ব্যক্ত করা হয়।	১। ধারণাসমূহ যাচাই বাছাইপূর্বক তা বাস্তবায়নে এবং ক্ষেত্র বিশেষে তা অন্যান্য প্রতিষ্ঠানে replicate করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়। ২। অধিকতর ব্যবহার এবং সর্বমহলে জানার সুবিধার্থে উদ্ভাবনী কার্যক্রমসমূহের প্রচারণার ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।

৩.১২*	বিবিধ*	<p>৩০ এপ্রিল ২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুসারে অর্থ বছর ভিত্তিক ২০১৭-১৮ সময়ের জন্য বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন।</p> <p>বিএমইটি'র ওয়েবসাইটটি ন্যাশনাল পোর্টালের সাথে সামঞ্জস্য করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। ওয়েবসাইটটিতে অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা প্রক্রিয়াটির আরো উন্নয়নের বিষয়েও সভায় অভিমত ব্যক্ত করা হয়।</p> <p>এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিতভাবে আয়োজনের বিষয়ে তাগিদ প্রদান করা হয়।</p> <p>দপ্তর/সংস্থার মাঠ পর্যায়সহ সকল পর্যায়ে ইনোভেশন টিম গঠন ও সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেয়া হয়।</p>	<p>১। মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুসারে অর্থ বছর ভিত্তিক ২০১৭-১৮ সময়ের জন্য বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অত্র মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিবৃন্দকে অনুরোধ করা হয়।</p> <p>২। বিএমইটি'র ওয়েবসাইটটি ন্যাশনাল পোর্টালের সাথে সামঞ্জস্য করা এবং ওয়েবসাইটটিতে অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা প্রক্রিয়াটির আরো উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়।</p> <p>৩। স্ব স্ব সংস্থা/দপ্তরের ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিতভাবে সম্পন্ন করার অনুরোধ করা হয়।</p> <p>৪। বিএমইটি'র আওতাধীন টিটিসিসমূহে উদ্ভাবনী কার্যক্রম পরিচালনার নিমিত্ত ইনোভেশন টিম গঠনের অনুরোধ করা হয়।</p> <p>৫। টিটিসিসমূহে তাদের ইন্সট্রাক্টরদেও জন্য পরিচালিত Pedagogy ও অন্যান্য প্রশিক্ষণ কার্যক্রমে ইনোভেশন কার্যক্রম অন্তর্ভুক্তির অনুরোধ করা হয়।</p>
-------	--------	---	--

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(জাবেদ আহমেদ)

সভার সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার
অতিরিক্ত সচিব (প্রশাসন)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়